**বিজ্ঞাপন প্রকাশ**

শ্রেণীবদ্ধ সহ বিভিন্ন ধরনের দৈনিক অথবা মাসিক বিজ্ঞাপন সংবাদপত্রে প্রকাশিত করতে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ ।

# এই যুগ
EI YUG

**ADVERTISMENT**

TO PUBLISH VARIOUS TYPES OF DAILY OR MONTHLY ADVERTISEMENT IN NEWSPAPER INCLUDING CLASSIFIEDS , CONTACT- 9062867921.

EI YUG ✹ HOWRAH ✹ DAILY ✹ VOLUME-4 ✹ ISSUE-399 ✹ 16 SEPTEMBER 2024 , MONDAY ✹ R.N.I REGISTRATION NO : WBBEN/2020/81746 ✹ PAGE-4 ✹ PRICE: 2/-

## মুখ্যমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করার কথা ঘোষণা করলেন অরবিন্দ কেজরীওয়াল



বেবি চক্রবর্তী ,এই যুগ ,দিল্লি ,১৫ সেপ্টেম্বর : অবশেষে মুখ্যমন্ত্রীর পদ থেকে সরে দাঁড়াবেন অরবিন্দ কেজরীওয়াল। সম্প্রতি আদালতের নির্দেশে জামিন পেয়েছেন। তবে মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব পালনে বেশ কিছু বিধিনিষেধ এবং শর্ত আরোপ করা হয়েছিল তাঁর ওপরে। এই আবহে বিতর্কের মাঝেই পদত্যাগ করার ঘোষণা করেছেন তিনি। দুদিনে তিনি এই পদক্ষেপ করবেন বলে আজ জানালেন কেজরি। তাঁর কথায় , মানুষের রায়ে নির্বাচিত হন যদি , তবেই ফিরবেন। উল্লেখ্য , এর আগে গ্রেফতারির পরও মুখ্যমন্ত্রী পদ নিজের কাছেই রেখে দিয়েছিলেন কেজরীওয়াল। যা ভারতীয় রাজনীতিতে নজিরবিহীন।দু'দিন আগেই দিল্লি আবগারি দুর্নীতি মামলায় অবশেষে মুক্তি পান অরবিন্দ কেজরীওয়াল। এর আগে ইডির করা মামলায় কেজরীওয়াল জামিন পেতেই তাঁকে গ্রেফতার করেছিল সিবিআই। সেই গ্রেফতারিকে চ্যালেঞ্জ জানিয়েই শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিলেন দিল্লির মুখ্যমন্ত্রী।এই আবহে আজ শর্তসাপেক্ষে জামিন দেওয়া হয়েছে কেজরীওয়ালকে। তবে বেশ কয়েকটি শর্তে কেজরিকে। তিনি কোনও ফাইলে সই করতে পারবেন না বলে কেজরীওয়ালকে নির্দেশ দেওয়া হয়েছিল। এদিকে নিজের দফতরেও যেতে পারবেন না। এছাড়া , আগবারি মামলা সম্পর্কে প্রকাশ্যে কোনও মন্তব্য করতে পারবেন না দিল্লির মুখ্যমন্ত্রী। উল্লেখ্য , মাঝে লোকসভা নির্বাচনের সময় দলের হয়ে প্রচার করার জন্যে জামিন দেওয়া হয়েছিল কেজরীকে। পরে ফের তিহাড় জেলে ফিরে গিয়েছিলেন তিনি।

## বন্দে ভারতের ভার্চুয়ালী উদ্বোধন



বেবি চক্রবর্তী ,এই যুগ , হাওড়া ,১৫ সেপ্টেম্বর :দেশের লাইফ লাইনের উন্নয়নকে ধরে রাজনীতির চেষ্টা বিজেপির। রবিবার প্রধানমন্ত্রী জামশেদপুর থেকে একগুচ্ছ বন্দে ভারত এক্সপ্রেসের উদ্বোধন করেন। হাওড়া স্টেশনে এই উপলক্ষে রেলের তরফে এক অনুষ্ঠানে যোগ দেন বিজেপির রাজ্য সভাপতি তথা কেন্দ্রের শিক্ষাদপ্তরের প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।সেখানে কেন্দ্রের প্রশংসার পাশাপাশি রাজ্য সরকারের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারকে কার্যত কটাক্ষ করেন তিনি। ট্রেনের আনুষ্ঠানিক সূচনার অনুষ্ঠানে এসে বঙ্গ বিজেপি নেতৃত্বে রেল উন্নয়ন প্রসঙ্গে বিশেষ কিছু না বলে রাজ্যের শাসককে কটাক্ষ করা ও রাজনৈতিক বক্তব্য রাখায় অখুশি রেল কর্তাদের অধিকাংশ।রবিবার রেলের অনুষ্ঠানে যোগ দিয়ে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানান , রাজ্যের সঙ্গে অন্য রাজ্যের সংযোগকারী বন্দে ভারত এক্সপ্রেসের সূচনায় দ্রুততা বাড়ার পাশাপাশি শিল্পের বিকাশের সম্ভবনা রয়েছে। প্রশ্ন তুলে দেন রাজ্যের বিরুদ্ধে। রাজ্য সরকার এনিয়ে কতটা সদার্থক ভূমিকা নেবে তা নিয়ে সন্দেহ প্রকাশ করেন। টালা থানার ওসি গ্রেপ্তারের প্রসঙ্গ টেনে তিনি বলেন , 'টালির বাড়ির' দিকে গ্রেপ্তারি যাবে কি না , সেটাই এখন দেখার। সিপির অপসারণ না হওয়া নিয়েও সুকান্ত মুখ্যমন্ত্রীকে কটাক্ষ করেন। পাশাপাশি ডাক্তারদের আন্দোলনের বিষয়ে বলেন , "আমরা আন্দোলনের মধ্যে নেই। বাইরে থেকে সমর্থন করছি।"

## জনসভায় ঝাড়খণ্ড মুক্তি মোর্চার সরকারকে তীব্র আক্রমণ শানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী



এই যুগ , ঝাড়খণ্ড , ১৫ সেপ্টেম্বর : ঝাড়খণ্ডে বিধানসভা নির্বাচনের জন্য এক জনসভায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঝাড়খন্ড মুক্তি মোর্চার সরকারকে তীব্র আক্রমণ শানালেন। আসন্ন বিধানসভা নির্বাচন উপলক্ষে ঝাড়খণ্ডের জামশেদপুরে প্রধানমন্ত্রী একটি জনসভায় ভাষণ দিচ্ছিলেন। সেই জনসভা থেকেই ঝাড়খণ্ডের ক্ষমতায় থাকা হেমন্ত সরেন সরকারকে এক হাত নিয়ে বলেন "ঝাড়খন্ড ধীরে ধীরে অপরাধের স্বর্গরাজ্য হয়ে উঠছে। মহিলারাও এ রাজ্যে সুরক্ষিত নয়। এমনকি অনুপ্রবেশের কারণে ঝাড়খন্ডের মানুষরাও নিরাপত্তাহীনতায় ভুগছে"। কংগ্রেসের ভূত দলের মধ্যে ঢুকে পড়েছে। আর যখনই কংগ্রেসের ভূত কোন দলের ভেতরে ঢুকে পড়ে তখন সে দল এজেন্ডা হারায়। জেএমএম সরকার বাংলাদেশী ও রোহিঙ্গাদের পাশে আছে বলেও দাবি করেন তিনি। শুধু তাই নয় তুষ্টির রাজনীতি নিয়েও হেমন্ত সরেন সরকারকে এক হাত নিলেন প্রধানমন্ত্রী।প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদী এই জনসভায় আরো বলেন " ঝাড়খণ্ড হাইকোর্ট অনুপ্রবেশ ইস্যুতে একটি প্যানেল গঠন করে স্বচ্ছ তদন্তের নির্দেশ দেয়। কিন্তু বর্তমান সরকার অনুপ্রবেশের কথা মানতে নারাজ। সাঁওতাল পরগনা এবং কলহারে বাংলাদেশী এবং রোহিঙ্গাদের অনুপ্রবেশ বড় সমস্যা। আর এর ফলে রাজ্যের জনবিন্যাস ক্রমশ বদলে যাচ্ছে বলেও ঝাড়খণ্ডের জেএমএম সরকারকে তীব্র ভাষা আক্রমণ করেন। জম্মু-কাশ্মীর সহ একাধিক রাজ্যের বিধানসভা নির্বাচন নরেন্দ্র মোদী ও অমিত শাহের কাছে খুবই গুরুত্বপূর্ণ। কারণ লোকসভা নির্বাচনে আসানুরূপ ফল পায়নি বিজেপি। তাই বিজেপির নজরে এখন ঝাড়খন্ড নির্বাচন। কেন্দ্রের শাসকদল এখন যে কোন মূল্যে এই রাজ্যে ক্ষমতা ফিরে পেতে মরিয়া হয়ে উঠেছে। জনসভার পাশাপাশি এদিন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সেই রাজ্যের জন্য একাধিক প্রকল্পের উদ্বোধন করেন। যার মধ্যে ছটি বন্দে ভারত এক্সপ্রেস রয়েছে। ঝাড়খণ্ডের জামশেদপুরে এই সভা ছাড়াও একটি রোড শো করার কথা ছিল কিন্তু খারাপ আবহাওয়ার জন্য তা বাতিল হয়।

## জেলা নির্বাচন দপ্তরের উদ্যোগে ভোটার সচেতনতা কর্মসূচী



সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার , ১৫ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলা নির্বাচন দপ্তরের উদ্যোগে রবিবার ফালাকাটায় আয়োজিত হয় এস ভি ই ই পি কর্মসূচি। আলিপুরদুয়ার এর জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক আর বিমলা জানান এদিন ফালাকাটায় নৌকা বাইচ প্রতিযোগিতার আসর বসেছিলো। এই প্রতিযোগিতা দেখতে প্রচুর মানুষ আসেন তাদের ও প্রতিযোগিতায় অংশ গ্রহন কারিদের নিয়েই এই কর্মসূচি আয়োজিত হয় ,তিনি আরও জানান ভারতের নির্বাচন কমিশন এই কর্মসূচির উদ্যোক্তা। কর্মসূচিটির পুরো নাম সিস্টেমেটিক ভোটার এডুকেশন এন্ড ইলেক্টোরাল পারটিসিপেশন প্রোগ্রাম। এই কর্মসূচি অনুসারে ভোটারদের নির্বাচনী শিক্ষা দানের পাশাপাশি ভোট সম্পর্কে সচেতন করা হয়।

# জেলার কথা

## বিষ্ণুপুরে জলবন্দি পরিবার , প্রশাসনের হস্তক্ষেপে নালা কাটার কাজ শুরু



শিল্পী চার , এই যুগ ,বাঁকুড়া ,১৫ সেপ্টেম্বর : বিষ্ণুপুরের মড়ারে আজমিরা মণ্ডল ও তার দুই মেয়ে জলবন্দি অবস্থায় দিন কাটাচ্ছেন। বৃষ্টির জেরে তাদের ঘরের মধ্যে হাঁটু সমান জল জমে রয়েছে। বিছানার উপরেই রান্না , খাওয়া এবং ঘুম সবই করতে হচ্ছে।

খবর পেয়ে বিষ্ণুপুরের বিডিও সোমশঙ্কর মণ্ডল ঘটনাস্থলে পৌঁছান এবং অবিলম্বে নালা কেটে জল বের করার নির্দেশ দেন। স্থানীয়রা অভিযোগ করেন যে ৬০নম্বর জাতীয় সড়কের ধারে নয়ানজুলি বুজিয়ে দোকান গড়ে ওঠার ফলে এই জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। আজমিরা মণ্ডল জানান , ১৪ বছর আগে স্বামী মারা যাওয়ার পর থেকে তিনি দুই মেয়েকে নিয়ে এই বাড়িতে থাকেন। প্রতি বছর বর্ষাকালে একই সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। বড় মেয়ে আরিফা মণ্ডল বলেন , বইপত্র সব ভিজে যাচ্ছে , খাটের উপর ঘুমালেও আতঙ্কে ঘুম ভেঙে যাচ্ছে। প্রশাসনের নালা কাটার উদ্যোগ পরিস্থিতির সাময়িক সমাধান দিলেও ,জলাবদ্ধতার স্থায়ী সমাধানের দাবি জানাচ্ছেন স্থানীয় বাসিন্দারা।

# পাচারের আগেই উদ্ধার একত্রিশটি মহিষ ,গ্রেপ্তার এক



এই যুগ , শিলিগুড়ি , ১৫ সেপ্টেম্বর : পাচারের আগেই শনিবার রাতে একটি কন্টেইনার থেকে একত্রিশটি মহিষ উদ্ধার করলো ফাঁসিদেওয়া থানার বিধাননগর তদন্ত কেন্দ্রের পুলিশ। জানা গেছে বিধাননগর মুরালিগঞ্জে জাতীয় সড়কে নাকা চেকিংএ শনিবার রাতে একটি কন্টেইনার আটক করে তল্লাশী চালায় পুলিশ। তল্লাশীতে কন্টেইনার থেকে একত্রিশটি মহিষ উদ্ধার করা হয়। মহিষ গুলির কোনো বৈধ নথিপত্র দেখাতে না পারায় কন্টেইনারের চালককে গ্রেপ্তার করে পুলিশ। ধৃতের নাম সামাউল হক। পুলিশ সূত্রে জানা গেছে ধৃত চালক স্বীকার করেছে মহিষগুলি উত্তরদিনাজপুর জেলার পাঞ্জিপাড়া থেকে কন্টেইনার এ তোলা হয় অসম হয়ে বাংলাদেশে পাচার করার উদ্দ্যেশ্যে। ধৃত চালককে সোমবার শিলিগুড়ি মহকুমা আদালতে পেশ করা হবে। এই পাচার চক্রে আরও কে বা কারা জড়িত তা জানতে তদন্ত শুরু করেছে পুলিশ।




# তিন মাস বন্ধ থাকার পর সোমবার থেকে পর্যটকদের জন্য খুলে যাচ্ছে ডুয়ার্সের জঙ্গল



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার , ১৫ সেপ্টেম্বর : তিন মাস বন্ধ থাকার পর পূজোর আগেই পর্যটকদের জন্য খুলে যাচ্ছে ডুয়ার্সের জঙ্গল। এ খবরে খুশী পর্যটকরা ও পর্যটন ব্যবসায়ীরা। প্রতি বছর বর্ষার সময় জঙ্গলে পর্যটকদের প্রবেশ নিষিদ্ধ করা হয় কারন এই সময় বন্য প্রাণীদের প্রজনন ঋতু। তিন মাস বন্ধ থাকার জন্য পর্যটকরা ডুয়ার্সের জঙ্গল ও বন্যপ্রান এর সৌন্দর্য উপভোগ করা থেকে বঞ্চিত থাকেন। এই তিন মাস মার খায় পর্যটন কেন্দ্রিক সমস্ত ব্যবসা। উত্তরের ডুয়ার্সের মুখ্য আকর্ষণ জলদাপাড়া জাতীয় উদ্যান ও গরুমারা জঙ্গল। জলদাপাড়ায় হাতি সাফারি পর্যটকদের কাছে ভীষন প্রিয়। এবার হাতি সাফারিতে হাতির সংখ্যা বাড়ানো হচ্ছে বলে জানিয়েছে বন দপ্তর। জঙ্গল খোলার খবরে পর্যটকরা যেমন খুশি তেমনি খুশি পর্যটন ব্যবসায়ীরা।

# নদী থেকে অজ্ঞাত পরিচয় মহিলার দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য এলাকায়



সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার , ১৫ সেপ্টেম্বর : এক অজ্ঞাত পরিচয় মহিলার দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের পশ্চিম চকচকা এলাকায়। জানা গেছে রবিবার দুপুরে রায়ডাক দুই নম্বর নদীতে এক মহিলার দেহ ভেসে থাকতে দেখেন কয়েকজন গ্রামবাসী। তারা খবর দেন কামাখ্যাগুড়ি পুলিশ ফাঁড়িতে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছায় ও দেহটি নদী থেকে উদ্ধার করে কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যায়। সেখানে কর্তব্যরত চিকিৎসক মহিলাকে মৃত বলে ঘোষনা করেন। মহিলার পরিচয় জানা যায়নি। পুলিশ সূত্রে জানা গেছে সোমবার মৃতদেহটি ময়না তদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হবে। মহিলার দেহটি কোথা থেকে কিভাবে নদীতে ভেসে এসেছে তা খতিয়ে দেখছে পুলিশ।

কাগজের নৌকা

16 SEPTEMBER 2024 ,
সোমবার

**লেখা প্রকাশ**
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশ করতে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ

# অঙ্কুশ

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

জীবন বড় কঠিন নিঃস্বহায় সম্বলহীন ,
কাতরতায় ভরপুর সীমাহীন বর্বরতার মুখোশধারী ,
চারিদিকে চলছে বহুরূপীর দাপাদাপি ,
অন্ধকার হয়ে রয়েছে বনাঞ্চল আর সীমাহীন।
গভীর জঙ্গলে মাঝে মাঝে রয়েছে ,
ফাঁক ফোঁকর দিয়ে সূর্যালোকের বিদীর্ণ পদার্পণ ,
হেথায়-হোথায় অকুল কাতরতার কণ্ঠস্বর ভেসে ওঠে ,
অসহায় জীর্ণরূপী হৃদয়ের ভগ্নরূপ দেখে বড়ই কষ্ট হয়।
ভিন্নতার রূপ দেখে বড়ই কষ্ট হল ,
সূর্যালোকের অভাবে মাটি আজ সেঁদো ,
অপূর্ণতায় তরুলতা সব আজ বিপন্ন হয়ে রয়েছে ,
অপুষ্টিতে শীর্ণকায় হয়ে ভগ্নপ্রায় হয়ে পড়েছে।
কে যেন ডাকে হায় হায় ,
তবুও যেন দেখা নেই ,
অকূল পাথারে হৃদয় চমকে ওঠে ,
ভগ্ন হৃদয়ে বোঝা যায় ,
ভালো হওয়ার আর কিছু নেই।
গভীর অরণ্য হিংস্র রূপে ভরপুর ,
নেই কোন কাতরতার জায়গা ,
বর্বরতা যেন চারিদিকে ছড়িয়ে রয়েছে ,
খাদ্য-খাদকের সম্পর্কে ,সবাই যেন একই শিঁকলে বাঁধা ,
তাইতো ভালোবাসার কোন জায়গা নেই ,
নয়ন-জলের কোন মানেই হয় না ,
তাইতো আজ সব সম্পর্কই ভঙ্গুর হয়ে পড়েছে।।

# এবার সিবিআইয়ের নজরে পুলিশ আধিকারিকরা




বেবি চক্রবর্ত্তী ,এই যুগ ,কলকাতা ,১৫ সেপ্টেম্বর : যত সময় এগোচ্ছে ততই আরজি কর কাণ্ডে একের পর এক নতুন তথ্য প্রকাশ্যে উঠে আসছে। মেয়েদের নিরাপত্তা কোথায়? এখন সেই প্রশ্ন বারবার উঠছে। গত ৯ আগস্ট আরজি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে মহিলা চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনা সকলকে তাজ্জব করে ছেড়ে দিয়েছে। এদিকে এই ঘটনায় আগেই সঞ্জয় রাই নামের এক সিভিক ভলান্টিয়ারকে গ্রেফতার করেছিল পুলিশ।গতকাল শনিবার রাতে আরজি কর হাসপাতালে চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনায় আরও ২ জনকে গ্রেফতার করে সিবিআই। কলকাতা পুলিশের টালা থানার ওসি অভিজিৎ মণ্ডল ও আরজি কর হাসপাতালের প্রাক্তন প্রিন্সিপাল সন্দীপ ঘোষকে গ্রেফতার করা হয়েছে। এর আগে সঞ্জয় রাইকে গ্রেফতার করা হয়। ফলে এই ঘটনায় এবার গ্রেফতারির সংখ্যা বেড়ে দাঁড়ালো ৩ জনে। যদিও এই ঘটনায় আরও এক নতুন রহস্যের গন্ধ পাচ্ছেন সিবিআই-র আধিকারিকরা। যে কারণে পুলিশের এক শীর্ষ কর্তাকে ভিডিয়ো কনফারেন্সিংয়ের মাধ্যমে জিজ্ঞাসাবাদ করতে উদ্যত হয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।আদতে আরজি করের ঘটনার তদন্তে নেমে নিত্য নতুন তথ্য হাতে পাচ্ছে সিবিআই। এক রিপোর্ট অনুযায়ী , মামলার তদন্তে নেমে কেস ডায়েরিতে একটি 'ভুল' নজরে পড়েছে সিবিআই অফিসারদের। আর সেই ভুলেই 'রহস্য' খুঁজে পাচ্ছেন তদন্তকারীরা। যেদিন থেকে আরজি করের ঘটনার তদন্ত শুরু করেছিল পুলিশ সেদিন থেকেই একটু একটু কিছু ভুল হতে শুরু করেছিল বলে দাবি সিবিআই-র। আর সবটাই হয়েছে সিটের নজদারিতে। কেস ডাইরিতে একের পর এক ভুল রয়েছে। জানলে চমকে উঠবেন , ৯ অগস্ট সকাল থেকে ১৩ অগস্ট রাত পর্যন্ত এই তদন্তের সঙ্গে যুক্ত বিভিন্ন পুলিশ আধিকারিকদের 'কল ডিটেলস' খতিয়ে দেখছে সিবিআই। আর এই কল ডিটেইলস খতিয়ে দেখার পর সিবিআইয়ের নজরে বেশ কিছু জিনিস উঠে এসেছে। - ফাইল চিত্র।

# জুনিয়র ডাক্তারদের পক্ষ থেকে অভয়া ক্লিনিক



বেবি চক্রবর্ত্তী ,এই যুগ ,কলকাতা ,১৫ সেপ্টেম্বর : তিলোত্তমা অপরাধীদের শাস্তি এবং অবিলম্বে যারা তিলো তোমাকে ধর্ষণ করে খুন করেছে সেই সমস্ত দোষীদের কঠোরতম শাস্তি এবং চিহ্নিত করে তাদের প্রকাশ্যে নিয়ে আসার দাবিতে যে অবস্থান বিক্ষোভ চলছে ,আজ রবিবার এই বৃষ্টিকে উপেক্ষা করে সাগর দত্ত হাসপাতালে অভয়া ক্লিনিকে ডাক্তার দেখাতে আসছে প্রচুর সাধারণ মানুষ এবং এই অভয়া ক্লিনিক থেকে যেরকম চিকিৎসা করা হচ্ছে তার পাশাপাশি ওষুধ রোগীদের হাতে তুলে দেওয়া হচ্ছে চোখ মেডিসিন শিশু বিশেষজ্ঞ সহ চিকিৎসা বিষয় বিভিন্ন দপ্তরের ডাক্তাররা দেখছেন রোগীদেরকে এবং পাশাপাশি সেই রোগীদের হাতে তুলে দেওয়া হচ্ছে বিনামূল্যে ওষুধও দেখাতে আসা রোগীরাও খুশি যেভাবে ডাক্তাররা দেখছেন কথা শুনছেন এবং বিনামূল্যে ওষুধ দিচ্ছে যেভাবে এই বৃষ্টির মধ্যে পরিষেবা পাচ্ছে রোগীর পরিবার রোগীরা তাতে তারাও খুশি।




EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S - DOMJUR ,DISTRICT -HOWRAH , PIN -711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE " ,BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA ,P.S-DOMJUR , STATE - WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO -9062867921 ,9836753661 । EMAIL-EIYUGNEWSPAPER@GMAIL.COM , NEWSPAPER EIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।